@NYCMayorCounsel

কপিল লোঙ্গানি
মেয়রের কাউন্সেল

অ্যালেক্সিস ব্লেন
প্রিন্সিপাল ডেপুটি কাউন্সেল

বেস চিউ
চিফ অফ স্টাফ

ক্যাথরিন ককলিন
ডেপুটি কাউন্সেল

অনুষ্ঠান সম্পর্কিত প্রায়শ জিজ্ঞাস্য প্রশ্নাবলী (FAQ)

এই প্রায়শ জিজ্ঞাস্য প্রশ্নাবলী (FAQ) কোন্ ধরনের ঘটনার ক্ষেত্রে প্রযোজ্য?

এই FAQ-টি পরিবারের বাইরে অনুষ্ঠিত ঘরের অভ্যন্তরের এবং বহিরঙ্গণ সেই সব অনুষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য যেখানে উপস্থিত ব্যক্তিদের সংখ্যা 100-র বেশি এবং যেখানে খাদ্য এবং/অথবা পানীয় তৈরি ও পরিবেশন করা অন্তর্ভুক্ত। উদাহরণস্বরূপ: বিবাহ/শাদির অনুষ্ঠান, সদ্যোজাতের স্নানানুষ্ঠান এবং সম্মেলন।

কখন কোনও অনুষ্ঠানস্থল অথবা ফেসিলিটি-তে অনুষ্ঠান হতে পারবে?

অনুষ্ঠান হতে পারবে সকাল **5:00 টা থেকে রাত 1:00 টা তবে খাদ্য এবং পানীয় পরিবেশন অবশ্যই মাঝরাতে বন্ধ করে দিতে হবে।** সব উপস্থিত ব্যক্তিগণ (কর্মীরা বাদে) প্রাঙ্গণ ছেড়ে রাত 1:00 টার মধ্যে চলে যাবেন।

কর্মী সংক্রান্ত কোনও শর্ত আছে কি?

স্টেট এবং স্থানীয় কর্তৃপক্ষের নির্দেশিকার অনুসরণ নিশ্চিত করতে পর্যাপ্ত সংখ্যক কর্মী অবশ্যই রাখতে হবে, এই নির্দেশিকার অন্তর্ভুক্ত হল লোকসংখ্যা নিয়ন্ত্রণ, অপ্রয়োজনীয় ভিড় প্রতিরোধ এবং যাতায়াত ও যান চলাচল পরিচালনা করা।

মানুষের সমাগম ঘটে এবং খাদ্য পরিবেশিত হয় এমন অনুষ্ঠানে লোকসংখ্যার কি কোনও সীমা আছে?

হ্যাঁ। 7 মে 2021 পর্যন্ত তথ্য অনুযায়ী:

- ঘরের অভ্যন্তরে অনুষ্ঠিত অনুষ্ঠানে **একটি নির্দিষ্ট স্থানের সর্বাধিক ধারণক্ষমতার 75%** [1] **অথবা 150 জন ব্যক্তির** মধ্যে যেটি কম তার মধ্যে সীমিত রাখতে হবে, কর্মী এবং অনুষ্ঠান পরিচালনার কাজে নিযুক্ত কর্মীরা এর বাইরে।
- বহিরঙ্গণে অনুষ্ঠিত অনুষ্ঠান **একটি নির্দিষ্ট স্থানের সর্বাধিক ধারণক্ষমতার 75% অথবা 500 জন ব্যক্তির মধ্যে যেটি কম** তার মধ্যে সীমিত রাখতে হবে, কর্মী এবং অনুষ্ঠান পরিচালনার কাজে নিযুক্ত কর্মীরা এর বাইরে।

ঘরের অভ্যন্তরে অনুষ্ঠিত অনুষ্ঠানের ধারণক্ষমতার সীমার উদাহরণ:

সর্বাধিক উপস্থিতি	75% সর্বাধিক উপস্থিতি	অনুষ্ঠানের জন্য নির্ধারিত সীমা
1000	750	150
500	375	150
200	150	150
100	75	75

[1] সার্টিফিকেট অব অকুপেন্সি-র নির্ধারণ অনুযায়ী। সার্টিফিকেট অফ অকুপেন্সি না থাকা প্রতিষ্ঠানগুলিকে সর্বাধিক অকুপেন্সি নির্ধারণ করার জন্য NYC বিল্ডিং বিভাগ (Department of Buildings, DOB) Bulletin #2020-017 (বুলেটিন #2020-017) দেখতে হবে।

এই FAQ প্রস্তুত করেছিলেন: রেবেকা বেস' (Rebecca Besaw), অ্যাসোসিয়েট কাউন্সেল; কেভিন কেলি, সিনিয়র অ্যাসোসিয়েট কাউন্সেল; ও জুডিথ লে, অ্যাসোসিয়েট কাউন্সেল

আমার অনুষ্ঠানস্থলে একাধিক অনুষ্ঠানের জন্য স্থান আছে। আমি কি একই সময়ে একাধিক অনুষ্ঠানের আয়োজন করতে পারব?

হ্যাঁ। অনুষ্ঠানস্থলে একই সময়ে একাধিক অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে যতক্ষণ পর্যন্ত প্রতিটি অনুষ্ঠান পৃথকভাবে আয়োজিত হবে।

- ভবন ও সংলগ্ন স্থানে প্রতিটি অনুষ্ঠান অবশ্যই ভিন্ন ভিন্ন জায়গায় আয়োজিত হবে (যেমন ঘরের অভ্যন্তর বনাম বহিরঙ্গণের স্থান, পৃথক কক্ষ)।
- একই সময়ে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ব্যক্তিদের আদানপ্রদান অথবা একটি সাধারণ উদ্দেশ্য অনুমোদিত নয়।
- পৃথক অনুষ্ঠানে উপস্থিত ব্যক্তিরা কোনও স্থান অথবা কক্ষের পারস্পরিক ব্যবহার করবেন না, একই সময়ে একই প্রবেশপত্র অথবা নির্গমনপথ ব্যবহার করবেন না অথবা অন্যভাবে মুখোমুখি আদানপ্রদানে লিপ্ত হবেন না।
- যাতে উপস্থিত ব্যক্তিদের ভিড় না জমে তার জন্য বিশ্রামকক্ষের ধারণক্ষমতা সীমিত রাখতে হবে, উপস্থিত ব্যক্তিরা অবশ্যই বিশ্রামকক্ষের অভ্যন্তরে এবং সেখানে অপেক্ষা করার সময় মুখাবরণ ব্যবহার করবেন এবং সামাজিক দূরত্ববিধি অনুসরণ করবেন।

যদি আমার অনুষ্ঠানস্থলে অনুষ্ঠানের স্থান থেকে পৃথক এবং আহারের জায়গাসহ একটি রেস্টুরেন্ট থাকে, তাহলে কী হবে?

পৃথক আহারের স্থানটিতে রেস্টুরেন্ট গ্রাহকদের খাদ্য পরিবেশন চালিয়ে যেতে পারে যতক্ষণ পর্যন্ত না তার সঙ্গে অনুষ্ঠানস্থল(গুলি)-র কোনও সম্পর্ক থাকে, অর্থাৎ তারা একে অপরের থেকে পৃথক থাকবে।

কখন কর্মী এবং উপস্থিত ব্যক্তিদের মুখাবরণ পরতে হবে?

- সব কর্মী এবং অনুষ্ঠান কর্মীদের অবশ্যই সর্বদা মুখাবরণ পরতে হবে, এর ব্যতিক্রম হতে পারে খাবার এবং পানীয় গ্রহণের সময় (যেমন বিরতির সময়)।
- সব উপস্থিত ব্যক্তি (বয়স 2+) বসে না থাকলে অবশ্যই মুখাবরণ পরবেন (যদি না তাঁর এমন অসুখ থাকে যার জন্য তিনি মুখাবরণ পরে থাকতে পারেন না)। গ্রাহকরা একবার বসার পরে, কর্মীদের সঙ্গে কথোপকথন করার সময়ে অথবা অন্যথায় খাওয়া/পান না করার সময়ে প্রতিষ্ঠানগুলির উচিত গ্রাহকদের মুখ ঢাকার আবরণ পরে থাকতে উৎসাহিত করা, কিন্তু তা আবশ্যক নয়।
- অনুষ্ঠানে উপস্থিত ব্যক্তি / বক্তারা উপস্থাপনা করা / কথা বলার সময় তাদের মুখাবরণগুলি সরিয়ে ফেলতে পারেন যতক্ষণ পর্যন্ত তাঁরা অন্যদের থেকে 12 ফুট সামাজিক দূরত্ব বজায় রাখেন অথবা অন্য উপস্থিত ব্যক্তিগদের থেকে উপযুক্ত শারীরিক বাধা দ্বারা পৃথক হয়ে থাকেন।

আমি ব্যক্তিরা উপস্থিত হবেন অথবা খাদ্য পরিবেশন হবে এমন একটি অনুষ্ঠান করতে চাই। আমাকে কোন্ পদক্ষেপগুলি গ্রহণ করতে হবে?

অনুষ্ঠান করতে ইচ্ছুক এমন কোনও অনুষ্ঠানস্থলের মালিক অথবা অনুষ্ঠানের আয়োজককে অবশ্যই অনুষ্ঠানের তারিখের কমপক্ষে 5 দিন আগে NYC স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্য বিভাগ (NYC Department of Health and Mental Hygiene, DOHMH) -কে অবহিত করতে হবে। বিজ্ঞপ্তি সরবরাহ করা যেতে পারে এখানে।

এমন কোনও তথ্য আছে কি যা অনুষ্ঠানস্থলে অথবা ফেসিলিটি-তে উপস্থিত ব্যক্তিদের থেকে অবশ্যই সংগ্রহ করতে হবে?

হ্যাঁ। অনুষ্ঠানস্থলের মালিক অথবা অনুষ্ঠানের আয়োজকদের অবশ্যই নিশ্চিত হতে হবে যাতে সমস্ত উপস্থিত ব্যক্তির আগাম নিবন্ধীকরণ থাকে (যেমন, অতিথিদের তালিকা তৈরি করে)। প্রত্যেক উপস্থিত ব্যক্তিকে সাইন-ইন

করতে হবে এবং নিউ ইয়র্ক স্টেট এর যোগাযোগের সন্ধানের প্রচেষ্টাতে ব্যবহারের জন্য তাঁদের পুরো নাম, জন্ম তারিখ, ঠিকানা, ই-মেল এবং ফোন নম্বর সরবরাহ করতে হবে। বিস্তারিত এখানেআছে।

উপস্থিত ব্যক্তিদের কোনও বাছাই পরীক্ষার প্রয়োজন আছে কি?
হ্যাঁ। উপস্থিত ব্যক্তিরা অবশ্যই স্বাস্থ্য সংক্রান্ত বাধ্যতামূলক একটি বাছাই পরীক্ষা সম্পূর্ণ করবেন। তাদের অবশ্যই অনুষ্ঠান শুরু হওয়ার 72 ঘন্টার মধ্যে খাদ্য এবং ওষুধ প্রশাসন (Food and Drug Administration, FDA)-অনুমোদিত COVID পরীক্ষা দিতে হবে এবং অনুষ্ঠানে পৌঁছানোর আগে অথবা পৌঁছানোর পরেই তৎক্ষণাৎ পরীক্ষার নেতিবাচক ফলাফলের প্রমাণ সরবরাহ করতে হবে। বিকল্পস্বরূপ, উপস্থিত ব্যক্তিরা প্রমাণ প্রদান করতে পারেন যে তাঁরা অনুষ্ঠানের কমপক্ষে 14 দিন আগে তাঁদের COVID-19 টিকা সিরিজটি সম্পন্ন করেছেন। যেসব উপস্থিত ব্যক্তি পরীক্ষার নেতিবাচক ফলাফল অথবা টিকাদানের প্রমাণ দেওয়ার ক্ষেত্রে ব্যর্থ হন, তাঁদের অবশ্যই অনুষ্ঠানে প্রবেশ করতে দেওয়া যাবে না। বিস্তারিত এখানেআছে।

কর্মীদের জন্য বাছাই পরীক্ষার কোনও শর্ত আছে কি?
হ্যাঁ। বাধ্যতামূলক স্বাস্থ্য বাছাই পরীক্ষার পাশাপাশি, কর্মী এবং অনুষ্ঠান কর্মীদের অবশ্যই অনুষ্ঠানের আগে COVID-19 পরীক্ষার নেতিবাচক ফলাফলের প্রমাণ উপস্থাপিত করতে হবে। এছাড়াও, যে কোনও কর্মী যিনি সক্রিয়ভাবে অনুষ্ঠানের আয়োজনের কাজে এবং উপস্থিত ব্যক্তিদের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগের লক্ষ্যে কথোপকথনে নিযুক্ত আছেন, তাঁদের দু'সপ্তাহে একবার পরীক্ষা করাতে হবে - অথবা অনুষ্ঠানের(গুলির) তারিখের কমপক্ষে 14 দিন আগে তাঁরা তাঁদের COVID-19 টিকার সিরিজটি সম্পন্ন করেছেন তা প্রমাণ করতে হবে।

সাধারণের ব্যবহার্য এলাকায় যানজট প্রতিরোধ করতে আয়োজকদের কী করতে হবে?
- ধারণক্ষমতা এবং উপস্থিতির শর্ত অনুসরণ নিশ্চিত করার জন্য পুরো প্রাঙ্গণ জুড়ে প্রবেশ / প্রস্থানের স্থানগুলি নির্ধারণ করুন।
- ভিড় এড়ানোর জন্য বিশ্রামকক্ষের ধারণক্ষমতা সীমাবদ্ধ রাখুন।

পরিষেবা সম্পর্কিত নির্দেশিকা

অনুষ্ঠানের জন্য সামাজিক দূরত্বের শর্তগুলি কী কী?
- উপস্থিত ব্যক্তিরা এক জায়গায় জড়ো হবেন না, এর ব্যতিক্রম হল যখন তাঁরা তাঁদের জন্য নির্ধারিত টেবিলে বসে আছেন।
- অংশগ্রহণকারীদের অবশ্যই তাদের নিজ পক্ষ / সংসার / পরিবারের বাইরে অন্য ব্যক্তিদের থেকে কমপক্ষে 6 ফুট দূরত্ব বজায় রাখতে হবে।
- উপস্থিত প্রত্যেক ব্যক্তির জন্য একটি টেবিল অথবা স্থান নির্ধারিত রাখতে হবে।
- খাবার খাওয়া অথবা পানীয় গ্রহণ করার সময় উপস্থিত ব্যক্তিদের অবশ্যই তাদের জন্য নির্ধারিত টেবিলে বসে থাকতে হবে।

কর্মীদের দ্বারা পরিবেশিত বুফে অনুমোদিত?
হ্যাঁ, তবে আয়োজকদের উচিত লাইনে অপেক্ষা করার সময় উপস্থিত ব্যক্তিরা যাতে 6 ফুট সামাজিক দূরত্ব বজায় রাখতে পারেন তার জন্য ভিন্ন ভিন্ন সময়ে তাঁদের প্রবেশাধিকার দেওয়া।

আমি কি লাইভ সংগীত এবং বিনোদন পেতে পারি?

হ্যাঁ, তবে লাইভ মিউজিক পারফর্মার এবং অন্যান্য বিনোদনকারীরা - বিশেষত যারা মুখোশ পরেছেন বা উইণ্ড ইনস্ট্রুমেণ্ট বাজাচ্ছেন না তাঁদের অবশ্যই 12 ফুট অথবা উপযুক্ত শারীরিক বাধা দ্বারা পৃথক রাখতে হবে।

কর্মস্থলের শর্তাবলী

আমার প্রতিষ্ঠানে কি কোনও নির্দেশক বোর্ড লাগানো প্রয়োজন?

হ্যাঁ। সংস্থাকে এমন নির্দেশক বোর্ড লাগাতে হবে যা উপস্থিত ব্যক্তিদের COVID সম্পর্কিত নিরাপত্তা ও সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের কথা স্মরণ করিয়ে দেয়। আরো তথ্য এখানেআছে।

অতিরিক্ত সংস্থান

আমি কী কী অতিরিক্ত সংস্থান দেখতে পারি?

- NYS DOH Interim Guidance for NYC Indoor Food Services (NYC ইন্ডোর খাদ্য পরিষেবাগুলির জন্য NYS DOH অন্তর্বর্তী নির্দেশনা)
- SLA Guidance on Food Service w/Beverages (পানীয়ের সাথে খাদ্য পরিবেশন বিষয়ে SLA-র নির্দেশিকা)
- SLA Guidance on COVID-Related Closing Times (COVID-সংক্রান্ত বন্ধ করার সময়ের ওপরে SLA-এর নির্দেশনা)
- NYC DOH Guidance for Businesses and Schools (ব্যবসা এবং স্কুলের জন্য NYC DOH নির্দেশিকা)